উপজেলা ভিডব্লিউব কমিটির   জুন/ ২০২৬ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি :ফাতেহা তুজ জোহরা, উপজেলা নির্বাহী অফিসার, চিরিরবন্দর, দিনাজপুর।

তারিখ :১৩/০৬/২০২৬ খ্রিঃ, সময়ঃ ১২.০০ ঘটিকায়।

স্থান :উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, চিরিরবন্দর, দিনাজপুর।

সভায় সদস্যবৃন্দের উপস্থিতি পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি, ভিডব্লিউবি, কার্যক্রম, বিষয়ে বলেন এ কর্মসূচির মাধ্যমে উপকারভোগীদেরকে প্রতি মাসে খাদ্য সহায়তা প্রদান করা হয় এবং প্রত্যেক উপকারভোগী নিজ নিজ নামে হিসাব নং খুলে সঞ্চয়ী মনোভাব গড়ে তোলার উদ্বুদ্ধ করা হয়। সভাপতি বর্তমান উপজেলার ভিডব্লিউবি কর্মসূচির বর্তমান প্রেক্ষাপট তুলেধরার জন্য উপস্থিত সকল সদস্যের মতামত ও পরামর্শ আহবান করেন।

| ক্রমিক নং | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা চিরিরবন্দর, দিনাজপুর বলেন, মে/ ২০২৬ মাসে বরাদ্দ খাদ্য সরবরাহের আদেশ জারী করা হয়। | সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ভিডব্লিউবি খাদ্য সরবরাহ আদেশ প্রদানের পর নির্ধারিত সময়ে চাল বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা নির্বাহী অফিসার চিরিরবন্দর,<br>২) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা চিরিরবন্দর<br>৩) সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ০২ | চিরিরবন্দর, দিনাজপুর এর ব্যবস্থাপক সভাকে অবহিত করেন যে,৭নং আউলিয়াপুকুর এবং ১২নং অলোকডিহি ইউনিয়নের ৫ টি কার্ড হারিয়ে গেছে উপকাভোগীগণ ডুপ্লিকেট কার্ড ইস্যুর জন্য আবেদন করেছেন মে/২০২৬ মাসে ২০৭৬ জন সুবিধাভোগীর নিজ নিজ হিসাব নং খুলে মাসিক ২২০/- হারে সঞ্চয় এ জমা প্রদানে সহযোগিতা করবেন। কোন জনপ্রতিনিধি/ ইউপি সচিব/ গ্রাম পুলিশ সঞ্চয়ের টাকা আদায় করবে না। | সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ভিডব্লিউবি খাদ্য বিতরণকালে সকল সুবিধা। ভোগীকে সঞ্চয় প্রদানের বিষয় নিশ্চিত করে খাদ্য প্রদান করবেন।তবে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষের সহযোগিতায় সঞ্চয় এর টাকা আদায় করতে পারবেন। | ১) সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান (সকল)<br>২) উপজেলা নির্বাহী অফিসার/মহিলা বিষয়ক কর্মকর্তা চিরিরবন্দর, |
| ০৩ | এ পর্বে সভায় ভিডব্লিউবি সুবিধাভোগীদের প্রশিক্ষণ বিষয়ে আলোচনা হয়। আলোচনায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লেখ করেন প্রশিক্ষণের জন্য এনজিও এখন ও চূড়ান্ত অনুমোদন হয় নাই। এনজিও চুক্তিবদ্ধ হলে মডিউল অনুযায়ী কর্মপরিকল্পনা দাখিল করবেন। সেই সাথে বিষয় ভিত্তিক প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ সম্পূর্ন করার জন্য নির্দেশনা আছে। কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতিটি দলের বিষয় ভিত্তিক প্রশিক্ষক দ্বারা প্রশিক্ষণ পরিচালনা করা হবে। তিনি এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | এনজিও আসলে প্রশিক্ষণের ক্ষেত্রে বিষয় ভিত্তিক প্রশিক্ষক দ্বারা প্রশিক্ষণ সম্পূর্ন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এনজিও কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতিটি প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করবে এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সার্বিক সহযোগিতা প্রদান করবে। | ১) সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল)<br>২) উপজেলা নির্বাহী অফিসার/মহিলা বিষয়ক কর্মকর্তা চিরিরবন্দর, |

অতঃপর সভাপতি ভিডব্লিউবি কর্মসূচির সফল বাস্তবায়নের জন্য উপস্থিত সকল সদস্যের আন্তরিক সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Fatiha 13.06.2026

ফাহমিদা ইসলাম
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা ভিডব্লিউবি কমিটি
চিরিরবন্দর, দিনাজপুর।

ফাতেহা তুজ জোহরা
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা ভিডব্লিউবি কমিটি
চিরিরবন্দর,দিনাজপুর ।